NYC KiDS RiSE | Save for College Program

## বিল্ডিং ব্লক 2

# কলেজ ও কেরিয়ারের সঠিক সেভিংস অ্যাকাউন্ট বেছে নিন

আপনি আপনার সন্তানের NYC স্কলারশিপ অ্যাকাউন্ট (NYC Scholarship Account) সক্রিয় করা ও দেখার পরে, সেভ ফর কলেজ প্রোগ্রাম (Save for College Program)-এর পরবর্তী পদক্ষেপ নিন:

**আপনার সন্তানের জন্য একটি কলেজ ও কেরিয়ার সেভিংস অ্যাকাউন্ট খুলুন এবং এটি তাদের NYC স্কলারশিপ অ্যাকাউন্টের সাথে অনলাইনে সংযুক্ত করুন**

এই ধাপটি সম্পন্ন করার পরে আপনার সন্তান তাদের NYC স্কলারশিপ অ্যাকাউন্টে **$25 পুরস্কার** পাবে।

এই নির্দেশিকাটিতে সেভ ফর কলেজ প্রোগ্রামের মাধ্যমে উপলব্ধ দুটি সেভিংস অ্যাকাউন্টের বিকল্প সম্পর্কে তথ্য রয়েছে। *এই তথ্য ভবিষ্যতে পরিবর্তিত হতে পারে।*

*NYC Kids RISE সেভ ফর কলেজ প্রোগ্রাম হল একটি স্কলারশিপ ও সেভিংস প্রোগ্রাম যা NYC শিক্ষা বিভাগ (NYC Department of Education) এবং City of New York-এর সাথে অংশীদারীত্বে একটি অলাভজনক সংস্থা NYC Kids RISE Inc. দ্বারা পরিচালিত হয়। NYC Kids RISE, New York's 529 College Savings Program-এর সাথে সম্পর্কিত নয়, বা এটির অনুমোদিত পরিবেশনকারীও নয় এবং বিনিয়োগের অনুরোধ করে না বা বিনিয়োগের পরামর্শ প্রদান করে না। City of New York এবং NYC শিক্ষা বিভাগ NY 529 প্রোগ্রাম ম্যানেজার এবং কোনো নির্দিষ্ট কলেজ সঞ্চয় বা অন্যান্য বিনিয়োগের মাধ্যম সম্পর্কে কোনো সমর্থন বা সুপারিশ প্রদান করে না এবং তা নিয়ন্ত্রণ করে না, এর মালিক নয় বা এর সাথে সম্বন্ধযুক্ত নয়, এর মধ্যে সেগুলিও রয়েছে যেগুলি সম্পর্কে পরিবারগুলি সেভ ফর কলেজ প্রোগ্রামের মাধ্যমে জানতে পারে।*

| | অ্যাকাউন্টের বিকল্পগুলির তুলনা | |
|---|---|---|
| **বৈশিষ্ট্য** | **NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট** | **Amalgamated Bank-এর সেভ ফর কলেজ অ্যাকাউন্ট** |
| **এটি কী?** | কলেজ এবং কেরিয়ার প্রশিক্ষণের জন্য সঞ্চয় করার জন্য একটি বিনিয়োগ অ্যাকাউন্ট। সময়ের সাথে অর্থ বৃদ্ধি পেতে পারে কিন্তু নির্বাচিত বিনিয়োগের উপর ভিত্তি করে মূল্য হারাতেও পারে। | এটি Amalgamated Bank-এর একটি ঐতিহ্যবাহী সেভিংস অ্যাকাউন্ট। অর্থ সুদ উপার্জন করে এবং FDIC-এর মাধ্যমে সর্বোচ্চ $250,000 পর্যন্ত বীমা করা থাকে।[1] |
| **এটি কীভাবে খুলবেন** | nyckidsrise.org/view -এ যান এবং আপনার NYC Kids RISE সাশ্রয় ট্র্যাকার অ্যাকাউন্টে লগ ইন করুন। NY 529 *Direct Plan*-এর আবেদন শুরু করতে "তৈরি করুন/সংযোগ করুন"-এ ক্লিক করুন। | NYC-তে একটি Amalgamated Bank-এর শাখায় যান। amalgamatedbank.com/find-branch-or-atm-এ একটি শাখা খুঁজুন। আরো তথ্যের জন্য 800-662-0860 নম্বরে কল করুন। আপনি যদি অনলাইনে Amalgamated Bank-এর একটি সেভ ফর কলেজ অ্যাকাউন্ট খুলতে চান তাহলে অনুগ্রহ করে 833-543-7473 নম্বরে NYC Kids RISE হটলাইনে কল করুন। |
| **ন্যূনতম জমা** | খোলার জন্য কোনো ন্যূনতম টাকা জমা দিতে হবে না। অ্যাকাউন্টটি খোলা রাখার জন্য আপনাকে ছয় মাসের মধ্যে জমা দিতে হবে। যদি অ্যাকাউন্টটি বন্ধ হয়ে যায় তাহলে আপনাকে অবশ্যই NY 529-এ 877-697-2837 নম্বরে যোগাযোগ করে এটি পুনরায় খুলতে হবে। NYC Kids RISE অ্যাকাউন্ট খোলার সাথে সাথেই $5 জমা করার সুপারিশ করে। | খোলার জন্য কোনো ন্যূনতম টাকা জমা দিতে হবে না। অ্যাকাউন্টটি খোলা রাখার জন্য আপনাকে নয় মাসের মধ্যে কমপক্ষে একবার জমা দিতে হবে। NYC Kids RISE অ্যাকাউন্ট খোলার সাথে সাথেই $5 জমা করার সুপারিশ করে। |
| **সঞ্চয় কিসের জন্য ব্যবহার করা যায়?** | যোগ্য ব্যয়ের মধ্যে রয়েছে কলেজ ও কেরিয়ার সংক্রান্ত শিক্ষার জন্য খরচ (যেমন টিউশন, বই, ল্যাপটপ)। সঞ্চয়কে শিক্ষার উদ্দেশ্য ছাড়া ব্যবহার করলে স্টেট এবং ফেডারেল কর ও জরিমানা হতে পারে।[2] | অর্থ কীভাবে ব্যবহার করতে হয় তার কোনো আইনী সীমা নেই, তবে এটি শিক্ষা এবং কেরিয়ার প্রশিক্ষণের উদ্দেশ্যে তৈরি। অর্থ তোলার জন্য কোনো জরিমানা নেই। |
| **আপনি কি যেকোনো সময় টাকা তুলে নিতে পারবেন?** | হ্যাঁ, কিন্তু যদি অর্থটি যোগ্য ব্যয়ের জন্য ব্যবহার না করা হয় তাহলে কর ও শুল্ক প্রযোজ্য হতে পারে। | হ্যাঁ, আপনি যেকোনো সময় জরিমানা ছাড়াই অর্থ তুলে নিতে পারবেন। |
| **অর্থ কীভাবে বৃদ্ধি পায়** | বিনিয়োগের উপর রিটার্নের মাধ্যমে সময়ের সাথে অর্থ বৃদ্ধি পেতে পারে তবে এর মূল্য হারানোর ঝুঁকিও রয়েছে। | সময়ের সাথে অর্থ অল্প পরিমাণে সুদ উপার্জন করে, তবে তা মুদ্রাস্ফীতির হারের চেয়ে বেশি হওয়ার সম্ভাবনা কম। |
| **কর সুবিধাসমূহ** | অর্থ কর-মুক্তভাবে বৃদ্ধি পায় এবং আপনি সম্ভবত রাজ্য কর ছাড়ও পেতে পারেন। নিউ ইয়র্ক স্টেটের করদাতারা প্রতি বছর সর্বোচ্চ $5,000 (বিবাহিত দম্পতিদের জন্য $10,000) পর্যন্ত কর্তন করতে পারবেন।[2] | কোনো কর সুবিধা উপলব্ধ নেই। |
| **আর্থিক সাহায্যের উপর প্রভাব** | যদি আপনার আয় $50,000-এর কম হয় তাহলে সঞ্চয়গুলি সাধারণত আর্থিক সাহায্যের উপর কোনো প্রভাব ফেলবে না। যদি আপনার আয় বেশি হয় তাহলে সঞ্চয়ের একটি ছোট অংশ আপনার সন্তানের ভবিষ্যতের আর্থিক সাহায্য প্যাকেজে ধরা হতে পারে। | যদি আপনার আয় $50,000-এর কম হয় তাহলে সঞ্চয়গুলি সাধারণত আর্থিক সাহায্যের উপর কোনো প্রভাব ফেলবে না। যদি আপনার আয় বেশি হয় তাহলে সঞ্চয়ের একটি ছোট অংশ আপনার সন্তানের ভবিষ্যতের আর্থিক সাহায্য প্যাকেজে ধরা হতে পারে। |
| **সার্বজনীন সুবিধার উপর প্রভাব** | অর্থ সঞ্চয় করার ফলে SNAP বা Medicaid-এর মতো সুবিধাগুলির জন্য যোগ্যতার উপর প্রভাব পড়তে পারে। আরো তথ্যের জন্য nyckidsrise.org-এ যান। | অর্থ সঞ্চয় করার ফলে SNAP বা Medicaid-এর মতো সুবিধাগুলির জন্য যোগ্যতার উপর প্রভাব পড়তে পারে। আরো তথ্যের জন্য nyckidsrise.org-এ যান। |

NYC KiDS RiSE | Save for College Program



| | গুরুত্বপূর্ণ বিবরণ | |
|---|---|---|
| **বৈশিষ্ট্য** | **NY 529 *Direct Plan* অ্যাকাউন্ট** | **Amalgamated Bank-এর সেভ ফর কলেজ অ্যাকাউন্ট** |
| **আপনি এটি কোথায় খুলতে পারেন?** | অনলাইন | অনলাইনে বা সশরীরে |
| **একটি অ্যাকাউন্ট খুলতে আপনার কী-কী লাগবে?** | ☐ অ্যাকাউন্টের মালিক এবং সন্তানের সামাজিক নিরাপত্তা নম্বর (Social Security Number, SSN) বা ব্যক্তিগত করদাতা শনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Numbers, ITIN)<br>☐ ইমেইল ঠিকানা<br>☐ মার্কিন যুক্তরাষ্ট্রের যাচাইকৃত ঠিকানা<br>☐ অ্যাকাউন্টের মালিকের জন্ম তারিখ<br>☐ সন্তানের নাম ও জন্ম তারিখ | ☐ অ্যাকাউন্টের মালিকের সামাজিক নিরাপত্তা নম্বর (Social Security Number, SSN) বা ব্যক্তিগত করদাতা শনাক্তকরণ নম্বর (Individual Taxpayer Identification Numbers, ITIN)<br>☐ কোনও ফেডারাল বা স্টেট সরকারী সংস্থা দ্বারা জারি করা একটি বৈধ ফটো আইডি, বা একটি IDNYC মিউনিসিপাল আইডি। আপনি যদি একটি IDNYC কার্ড ব্যবহার করেন, তাহলে ঠিকানার অতিরিক্ত প্রমাণ প্রয়োজন, যেমন একটি কেবল বা ইউটিলিটি বিল।<br>☐ বাড়ির ঠিকানা<br>☐ অ্যাকাউন্টের মালিকের জন্ম তারিখ<br>☐ সন্তানের নাম ও জন্ম তারিখ |

**আরো সাহায্য দরকার?**

**NYC Kids RISE আপনাকে সাহায্য করার জন্য এখানে আছে।** যদি আপনার কোনো প্রশ্ন থাকে তাহলে কলেজ এবং কেরিয়ার প্রশিক্ষণের জন্য সঞ্চয় সম্পর্কে আরো জানতে nyckidsrise.org-এ যান বা 833-543-7473 নম্বরে কল করুন।

**দ্রষ্টব্য:** এগুলিই কলেজের জন্য সঞ্চয় করার একমাত্র উপায় নয়। তবে, কলেজ ও কেরিয়ারের সেভিংস অ্যাকাউন্টের জন্য সেভ ফর কলেজ প্রোগ্রাম দ্বারা প্রদত্ত নির্দিষ্ট বৈশিষ্ট্য ও সুবিধাগুলি শুধুমাত্র এই দুটি বিকল্পের জন্য পাওয়া যায়। NYC Kids RISE বিনিয়োগ সংক্রান্ত উপদেশ দেয় না বা কোনও নির্দিষ্ট প্রকারের কলেজ সেভিংস অ্যাকাউন্টের সুপারিশ করে না। প্রতিটি পরিবারের আর্থিক পরিস্থিতি ভিন্ন, এবং সঞ্চয় বা বিনিয়োগ করার আগে আপনার নিজের পরিস্থিতি বিবেচনা করা উচিত। অন্যান্য বিকল্পগুলি আপনার এবং আপনার পরিবারের জন্য আরও বেশি উপযুক্ত হতে পারে কিনা তা দেখার জন্য আপনি সেগুলি খুঁজে দেখতে ইচ্ছুক হতে পারেন, যেমন অন্যান্য স্টেট দ্বারা প্রদত্ত 529 প্ল্যান এবং অন্যান্য ব্যাংকের দেওয়া সেভিংস অ্যাকাউন্ট।

---

*[1] আমানতের ওপরে বীমার স্ট্যান্ডার্ড আওতার সীমা হল প্রতি আমানতকারী পিছু $250,000, FDIC দ্বারা বীমাকৃত ব্যাংক প্রতি, মালিকানা শ্রেণী প্রতি। বিভিন্ন মালিকানার শ্রেণীতে রাখা আমানতগুলিকে অন্তত $250,000 পর্যন্ত পৃথকভাবে বীমা করা হয়, এমনকি যদি একই ব্যাংকে রাখা হয় তাহলেও।*

*[2] ফেডারাল অযোগ্য অর্থ তোলার মাধ্যমে উপার্জনগুলি ফেডারাল আয়কর এবং 10% ফেডারাল জরিমানা কর ছাড়াও স্টেট ও স্থানীয় আয়করের আওতায় আসতে পারে। নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স ডিডাকশনগুলি কিছু অতিরিক্ত পরিস্থিতিতে রিক্যাপচার করা হতে পারে যেমন অন্য স্টেটের 529 প্ল্যানে রোলওভার, অথবা প্রাথমিক বা মাধ্যমিক স্কুল টিউশন ফি পরিশোধের জন্য ব্যবহৃত উইথড্রয়াল, যেমনটি ডিসক্লোজার বুকলেটে এবং টিউশন সেভিংস চুক্তিতে বর্ণিত আছে। নিউ ইয়র্কের বাসিন্দা নয় এমন করদাতাদের জন্য স্টেটের ট্যাক্সের সুবিধাগুলির পার্থক্য হতে পারে। ট্যাক্স ও অন্য সুবিধাগুলি অন্যান্য প্রয়োজনীয়তা পূরণের উপর নির্ভরশীল। আপনার সুনির্দিষ্ট পরিস্থিতি সম্পর্কে একজন কর উপদেষ্টার সাথে পরামর্শ করুন।*